জনপ্রিয়তা সহ্য করতে না পেরে ওসমান হাদিকে হত্যা: জামায়াত আমির



সংগৃহীত ছবি

জামায়াত ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, শরীফ ওসমান হাদির ব্যাপক গ্রহণযোগ্যতা একটি চক্র সহ্য করতে পারেনি। ফলে সুপরিকল্পিত ষড়যন্ত্রের মাধ্যমে তাকে পথ থেকে সরিয়ে দেওয়া হয়েছে। তিনি বলেন, ইতিহাস প্রমাণ করে—বিপ্লবীদের দেহ নিঃশেষ করা গেলেও তাদের আদর্শ কখনো থামানো যায় না; বরং তা সময়ের সঙ্গে আরও বিস্তার লাভ করে।

রোববার (২১ ডিসেম্বর) ভোরে ফজরের নামাজ শেষে ওসমান হাদির কবর জিয়ারতকালে এসব মন্তব্য করেন তিনি। জামায়াত আমির বলেন, জুলাই আন্দোলনের অন্যতম সাহসী কণ্ঠ ছিলেন হাদি। ন্যায়বিচার, স্বাধীনতা ও রাষ্ট্রীয় সার্বভৌমত্বের প্রশ্নে তিনি আজীবন আপসহীন অবস্থান রেখেছেন। দেশীয় সংস্কৃতি ও আত্মমর্যাদার পক্ষে তার দৃঢ় অবস্থান অসংখ্য তরুণকে প্রতিবাদের অনুপ্রেরণা জুগিয়েছে।

তিনি আরও বলেন, সরকারের বর্তমান ভূমিকা নিয়ে সাধারণ মানুষের মধ্যে অসন্তোষ বিরাজ করছে। হাদি হত্যার বিচার দ্রুত সম্পন্ন করে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করা জরুরি। একই সঙ্গে তিনি আশা প্রকাশ করেন, আগামী ফেব্রুয়ারির মধ্যেই একটি গ্রহণযোগ্য নির্বাচন অনুষ্ঠিত হবে।